

ছেলে হোক, মেয়ে হোক  
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
নোয়াখালী।  
www.fpo.noakhali.gov.bd

স্মারক নং: জেপপ/নোয়া/২০২২/৯৪৫

তারিখ: ০৫/১১/২০২২ খ্রিঃ।

### মৌখিক পরীক্ষার বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন নোয়াখালী জেলা পরিবার পরিকল্পনা বিভাগের ০৩ ক্যাটাগরির (পরিবার পরিকল্পনা সহকারী, পরিবার পরিকল্পনা পরিদর্শক, পরিবার কল্যাণ সহকারী) পদে গত ০৪ নভেম্বর ২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত লিখিত পরীক্ষার ফলাফল এ কার্যালয়ের ০৪/১১/২০২২ তারিখের জেপপ/নোয়া/২০২২/৯৪৩ সংখ্যক স্মারক মূলে প্রকাশিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সিডিউল মোতাবেক অনুষ্ঠিত হবে।

পদের নাম	পদ ভিত্তিক রোল	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	মৌখিক পরীক্ষার স্থান
পরিবার পরিকল্পনা পরিদর্শক	110580009-110580211	০৭ নভেম্বর ২০২২ দুপুর ২.০০ ঘটিকা হতে	জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
পরিবার পরিকল্পনা সহকারী	140580029-140585376	০৭ নভেম্বর ২০২২ দুপুর ৩.০০ ঘটিকা হতে	
পরিবার কল্যাণ সহকারী	120580001-120580258	০৮ নভেম্বর ২০২২ সকাল ৯.০০ ঘটিকা হতে	
পরিবার কল্যাণ সহকারী	120580266-120580402	০৮ নভেম্বর ২০২২ দুপুর ২.০০ ঘটিকা হতে	
পরিবার কল্যাণ সহকারী	120580408-120580642	০৯ নভেম্বর ২০২২ সকাল ৯.০০ ঘটিকা হতে	
পরিবার কল্যাণ সহকারী	120580658-120580886	০৯ নভেম্বর ২০২২ দুপুর ২.০০ ঘটিকা হতে	
পরিবার কল্যাণ সহকারী	120580897-120581141	১০ নভেম্বর ২০২২ সকাল ৯.০০ ঘটিকা হতে	
পরিবার কল্যাণ সহকারী	120581142-120581307	১০ নভেম্বর ২০২২ দুপুর ২.০০ ঘটিকা হতে	
পরিবার কল্যাণ সহকারী	120581309-120581525	১২ নভেম্বর ২০২২ সকাল ৯.০০ ঘটিকা হতে	
পরিবার কল্যাণ সহকারী	120581526-120581687	১২ নভেম্বর ২০২২ দুপুর ২.০০ ঘটিকা হতে	

২. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীদের নিয়োগ বিজ্ঞপ্তির ৮ নং শর্ত ও প্রবেশপত্রে উল্লেখিত শর্ত মোতাবেক নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (নূন্যতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ০১ (এক) সেট কাগজপত্র মৌখিক পরীক্ষার কমপক্ষে ৩০ মিনিট পূর্বে নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভার বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র;

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র;

- ঘ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/পৌর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ (আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে);
- ঙ. আবেদনকারী মুক্তিযোদ্ধা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকার ছায়ািলিপি;
- চ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/গেজেটেড কর্মকর্তা (নূন্যতম ৯ম গ্রেড) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
- ছ. জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;
- জ. Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) এবং রসিদ প্রবেশপত্র;
৩. মৌখিক পরীক্ষা বোর্ডে সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।
৪. অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ মৌখিক পরীক্ষার দিন, তারিখ, সময় ও ভেন্যু পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
৫. পরীক্ষার্থীদের অনলাইন আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে টেলিটক কর্তৃক এসএমএস এর মাধ্যমেও মৌখিক পরীক্ষার সময়সূচী অবহিত করা হবে।
৬. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৭. নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত সকল শর্তাবলী প্রযোজ্য ক্ষেত্রে বলবৎ থাকবে।
৮. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



০৫.১১.২০২২  
(এ কে এম জহিরুল ইসলাম)  
উপ-পরিচালক

ও  
সদস্য সচিব  
জেলা নিয়োগ/বাছাই কমিটি, নোয়াখালী।  
☎০২৩৩৪৪৯১১৮৬  
E-mail: ddfp.noakhali@gmail.com